

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পটুয়াখালী সদর  
www.sadar.patuakhali.gov.bd

স্মারক নম্বর-০৫.১০.৭৮৯৫.০০২.২৪.০১৭.১৭-৫৯৬

তারিখ: ০৫-০৮-২০১৯ খ্রি.

বিষয় : পটুয়াখালী সদর উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে ১টি করে মডেল ডিজিটাল স্কুল স্থাপনের লক্ষ্যে প্রস্তাব প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী সদর উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে ১টি করে মডেল ডিজিটাল স্কুল স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। মডেল ডিজিটাল স্কুল স্থাপনের লক্ষ্যে (অত্রাসাথে সংযুক্ত শর্তাবলী অনুযায়ী) তাঁর ইউনিয়নের ০৩ (তিন) টি স্কুলের নাম আগামী ০৮-০৭-২০১৯ খ্রি. তারিখের মধ্যে অত্রাফিসে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে-০১(এক) ফর্দ।

চেয়ারম্যান

----- ইউনিয়ন পরিষদ

পটুয়াখালী সদর।

অনুলিপি :

সি,এ-টু-ডি,সি, পটুয়াখালী। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।



লতিফা জান্নাতী

উপজেলা নির্বাহী অফিসার

পটুয়াখালী সদর

মোবাইল : ০১৭৩৩৩০৪১৪৩

e-mail:unopatuakhali@mopa.gov.bd

প্রকল্পের নাম : পটুয়াখালী সদর উপজেলাধীন প্রতিটি ইউনিয়নে একটি করে মডেল ডিজিটাল স্কুল স্থাপন প্রকল্প

মডেল ডিজিটাল স্কুল স্থাপন প্রকল্পে অন্তর্ভুক্তি হওয়া শিক্ষা প্রতিষ্ঠানের পূরণীয় শর্তাবলী :

- ০১। ভৌত অবকাঠামো -শ্রেণি কক্ষ পাকা ও ডিজিটাল ক্লাসরুম তৈরীর উপযোগী অর্থ্যাৎ ডিজিটাল সরঞ্জামাদি স্থাপনের উপযুক্ত ও নিরাপদ শ্রেণি কক্ষ থাকতে হবে ;
- ০২। সকল শ্রেণি কক্ষে বিদ্যুৎ সংযোগ থাকতে হবে ;
- ০৩। সিসি ক্যামেরা স্থাপন ;
- ০৪। শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের বায়োমেট্রিক হাজিরা বাস্তবায়ন ;
- ০৫। বিষয়ভিত্তিক শিক্ষকদের ডিজিটাল কনটেন্ট তৈরী ও ব্যবহারে সক্ষমতা ;
- ০৬। ক্লাসরুমে বইয়ের পরিবর্তে ই-বুক এর মাধ্যমে পাঠদানে শিক্ষকের সক্ষমতা ;
- ০৭। শ্রেণি কক্ষে স্মার্ট বোর্ড স্থাপন ;
- ০৮। শিক্ষা প্রতিষ্ঠানে “আমাদের স্কুল” মোবাইল অ্যাপস তৈরী করা ;
- ০৯। মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিচালনায় শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় ইন হাউজ প্রশিক্ষণের ব্যবস্থা ;
- ১০। শ্রেণি কক্ষে পর্যাপ্ত আলো বাতাসের ব্যবস্থা থাকা ;
- ১১। শ্রেণিকক্ষ পরিষ্কার-পরিচ্ছন্ন ও জানালায় পর্দা লাগানো ;
- ১২। নৈশ প্রহরীর রাতে বিদ্যালয়ে অবস্থান নিশ্চিত করা ;
- ১৩। ডিজিটাল স্কুলের নাম ফলক দৃশ্যমান স্থানে স্থাপন ;
- ১৪। প্রকল্প বাস্তবায়ন পরবর্তী সময়ে আইসিটির সরঞ্জামাদির নিয়মিত সচল রাখার নিমিত্তে মেরামত ও সংরক্ষণের জন্য যাবতীয় ব্যয়ভার প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে নির্বাহ করা ;
- ১৫। সকল শিক্ষার্থীদের কম্পিউটার শিক্ষা বাধ্যতামূলক ও কম্পিউটার শেখার প্রতি বিশেষ গুরুত্বারোপ ;
- ১৬। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের প্রোগ্রামিং তৈরী করার সফটওয়্যার তৈরীকরণ শেখানো ;
- ১৭। শিক্ষা প্রতিষ্ঠানের রেজাল্ট তৈরী প্রবেশপত্র, টেবুলেশন সীট তৈরী, পাঠোন্নতি বিবরণী তৈরী, শিক্ষার্থীদের আগমন ও প্রস্থান এর ক্ষেত্রে এসএমএস প্রদান ইত্যাদি কার্যক্রমে বিশেষ সফটওয়্যার ব্যবহার নিশ্চিতকরা ;
- ১৮। শ্রেণিভিত্তিক কক্ষ নির্ধারণ করে কক্ষের নাম ও নম্বর প্রদান (প্রধান শিক্ষক, শিক্ষক মিলনায়তন, অফিসকক্ষ, কম্পিউটার ল্যাব/আইসিটি কক্ষ/শেখ রাসেল ডিজিটাল ল্যাব, সততা স্টোর, কমনরুম (ছাত্র/ছাত্রী) এর নাম ফলক স্থাপন ;
- ১৯। শিক্ষার্থীদের নৈতিক শিক্ষা লাভের লক্ষ্যে প্রার্থনা কক্ষ স্থাপন ও শিক্ষককে দায়িত্ব প্রদানের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করণ ;
- ২০। এ প্রকল্পে অন্তর্ভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান ও ম্যানেজিং কমিটির সভাপতিকে ৩০০ (তিনশত) টাকার ননজুডিশিয়াল স্ট্যাম্প প্রকল্পে স্থাপিত সরঞ্জামাদি নিয়মিত সচল ও নিরাপদে সংরক্ষণের নিমিত্ত প্রকল্প কর্তৃপক্ষের সাথে চুক্তিবদ্ধ হতে হবে।
- ২১। বিষয়ভিত্তিক শিক্ষকের ছবি,মোবাইল নম্বর ও ই-মেইল নম্বর সহ তালিকা প্রনয়ণ ও প্রদর্শন করা;
- ২২। এ প্রকল্পভুক্ত বিদ্যালয়গুলো একই ছাতার নিচে থাকবে অর্থাৎ এ বিদ্যালয়গুলোতে একই পাঠ পরিকল্পনা- একই বিষয়ে সকল বিদ্যালয়ে পূর্ব নির্ধারিত তারিখে পাঠদান ও পাঠ মূল্যায়ন করে ফলাফল অনলাইনে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার ই-মেইলে প্রেরণ করতে হবে এবং ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারিকে উপজেলা পর্যায়ে পুরস্কারকৃত করা হবে।